

## ভৌগোলিক পরিচিতি

মেহন্দিগঞ্জ উপজেলার অবস্থান উত্তর অক্ষাংশের ২৩°২৯' এবং ২৩°৪২' এর মধ্যে ৯০°৫৯' এবং ৯১°০৫' দ্রাঘিমাংশের মধ্যে। মেহন্দিগঞ্জ উপজেলা বরিশাল জেলা সদর থেকে প্রায় ৪০ কিলোমিটার পূর্ব- উত্তর দিকে অবস্থিত এবং অঞ্চলের মধ্যে সর্বোচ্চ নদী সমৃদ্ধ ও নদী পরিবেষ্টিত একটি উপজেলা। এর উত্তরে রয়েছে হিজলা উপজেলা, পূর্বে ও দক্ষিণে ভোলা সদর উপজেলা, দক্ষিণ ও পশ্চিমে বরিশাল সদর উপজেলা এবং পশ্চিমে মুলাদী উপজেলা। উপজেলার মোট আয়তন ৪২৬.৪৫ বর্গকিলোমিটার।